



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌপরিবহন মন্ত্রণালয়  
নৌপরিবহন অধিদপ্তর  
সমন্বিত মেরিন ক্যাডেট ভর্তি পরীক্ষা ২০২৫-২০২৬



তারিখ: ০৩.০২.২০২৬

### মাইগ্রেটেড ক্যাডেটদের জন্য নির্দেশনা:

(ক) মাইগ্রেটেড ক্যাডেটগণকে আগামী **০৯.০২.২০২৬** খ্রি. তারিখের মধ্যে পূর্বের একাডেমি হতে তাদের জমাকৃত সকল ডকুমেন্ট সংগ্রহ করে পরিবর্তিত একাডেমিতে নিয়ম মেনে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। উল্লেখ্য যে, পূর্বের একাডেমিতে তাদের শূন্য আসন মেধা ও পছন্দের উর্ধক্রম অনুযায়ী অপেক্ষমান তালিকা হতে ও অন্যান্য একাডেমি হতে মাইগ্রেটেড ক্যাডেটদের মাধ্যমে পূরণ করা হলো বিধায় ক্যাডেটদের পূর্ববর্তী একাডেমিতে ফেরৎ যাবার কোন সুযোগ নেই।

### অপেক্ষমান তালিকা হতে নির্বাচিত এবং চক্ষু (কালার ভিশন ও ল্যান্টার্গ) পরীক্ষা ও মনোবৈজ্ঞানিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ভর্তির নির্দেশনা:

#### ক্যাডেটদের জন্য:

(ক) সরকারি মেরিন একাডেমিসমূহে শূন্য আসন এর বিপরীতে অপেক্ষমান তালিকা ভর্তির জন্য নির্বাচিত এবং চক্ষু ও মনোবৈজ্ঞানিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ আগামী **০৬/০২/২০২৬** হতে **০৯/০২/২০২৬** তারিখের মধ্যে স্ব স্ব একাডেমির নির্দেশনা মোতাবেক চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষার (শারীরিক বিকৃতি, Squint, তোতলামি, ডোপ, শ্রবন শক্তি, CBC, RBS, CXR, HbsAg, VDRL, HIV, ECG, URINE For DA Health Screening Profile) জন্য নির্বাচিত স্ব স্ব একাডেমিতে যোগাযোগ পূর্বক গমন করবে। চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হলে একাডেমিতে ভর্তির জন্য বিবেচিত হবে। চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষার ফি প্রার্থীদের বহন করতে হবে।

(খ) যে সকল প্রার্থী বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম/ বরিশাল/ পাবনা/ সিলেট/ রংপুর এবং মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এর জন্য মনোনীত হয়েছে তারা স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান যেমন- (কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম/ কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল/ কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, পাবনা/ কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট/ কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর এবং প্রিসিপাল, মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম) এর অনুকূলে **৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকার পে-অর্ডার (অফেরতযোগ্য)** জমা দিয়ে আগামী **০৬/০২/২০২৬** হতে **০৯/০২/২০২৬** খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট একাডেমির ভর্তি সংক্রান্ত আনুষ্ঠানিকতা সম্পন্নের মাধ্যমে ভর্তি হবে। শুক্র, শনিবার ভর্তির কার্যক্রম চলমান থাকবে।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌপরিবহন মন্ত্রণালয়  
নৌপরিবহন অধিদপ্তর  
সমন্বিত মেরিন ক্যাডেট ভর্তি পরীক্ষা ২০২৫-২০২৬



- (গ) যে সকল প্রার্থী ০৯/০২/২০২৬ খ্রি. তারিখের মধ্যে নির্বাচিত সরকারি মেরিন একাডেমিতে ভর্তি হবে না, তাদের আসন শুণ্য ঘোষণা করা হবে। উল্লেখ্য যে, ভর্তির তারিখ বর্ধিত করা হবে না বা নির্ধারিত তারিখের পর ভর্তির অনুরোধ/আবেদন গ্রহণ করা হবে না।

একাডেমিসমূহের যোগাযাগের ফোন নম্বর

ক্রমিক নং	একাডেমির নাম	যোগাযাগের নম্বর
১।	বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম	০১৭১২৫২৫১৮৪, ০১৮১৫০৭৮০২৭
২।	বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল	০১৭২৯৫৬৯৯৪০, ০১৭৩৮৯৮৬০১০
৩।	বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট	০১৭১১৫৪৪৭১৬, ০১৭৪১৭১৭৭৭৭
৪।	বাংলাদেশ মেরিন একাডেমি, পাবনা	০১৭৯৫১৯৪৭৮৯, ০১৭৯৭৫৭৮৩৮৭
৫।	বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর	০১৭১৮৬৮৯৭১৭, ০১৭৫৮৫১৮১৫৯
৬।	মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম	০১৫৫৭৬৩৬৮৫৭, ০১৬১৭৬৬০০৮৭